[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২০২৫- ৩৫৮

তারিখঃ ১৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ পত্র

জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব খাতভুক্ত ১৩তম গ্রেডের উচ্চমান সহকারী পদে নিম্নবর্ণিত প্রার্থীগণের পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম সন্তোষজনক হওয়ায় তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে) নিয়োক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| জ্যেষ্ঠতার ক্রম | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | রোল নং | জন্ম তারিখ | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জাকারিয়া হোসাইন<br>পিতা: মোঃ হযরত আলী<br>মাতা: আছমা বেগম | গ্রাম: চর গোয়াডাংগা, পোস্ট: গোয়াডাঙ্গা-২১৫০, থানা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ। | ১৩০১২৩৬৫ | ১৫/০৪/১৯৯৯ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ২. | জনাব মোঃ মাকছুদুল হাসান<br>পিতা: মোঃ হেলাল উদ্দিন<br>মাতা: মাহফুজা বেগম | গ্রাম: কাহেত পাড়া, পোস্ট: কাহেত পাড়া,<br>থানা-মেলান্দহ, জেলা-জামালপুর। | ১৩০০৫৬৮৩ | ১৫/১২/১৯৯৬ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৩. | জনাব মো: সুমন আলী<br>পিতা: মো: রফিকুল ইসলাম<br>মাতা: শিল্পী বিবি | গ্রাম-বামনবাড়ীয়া, পোস্ট-খুবজীপুর, থানা-গুরুদাসপুর, জেলা-নাটোর। | ১৩০১৪৪১৩ | ২৪/১০/১৯৯৭ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৪. | জনাব মোহাম্মদ সাইদুল হাকিম<br>পিতা: মোহাম্মদ নুরুল হাকিম<br>মাতা: জোসনা আরা বেগম | গ্রাম- পূর্ব খিতাপচর, পোস্ট-খিতাপচর, থানা- বোয়ালখালী, জেলা: চট্টগ্রাম। | ১৩০০৩১৯২ | ২৮/১০/১৯৯৫ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৫. | জনাব হযরত ওমর পাভেল<br>পিতা: মোঃ এমদাদুল হক<br>মাতা: মোছাঃ পারেশা বেগম | গ্রাম-চেংমারী (নতুন পাড়া), পোস্ট-ভরনিয়া হাট, থানা-রানীশংকৈল, জেলা-ঠাকুরগাঁও। | ১৩০১৫১৪৭ | ০৫/০৭/১৯৯৯ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৬. | জনাব মো: ফয়সাল হোসেন<br>পিতা: মো: শহিদুল ইসলাম<br>মাতা: মোছা: খাইরুন নেছা | গ্রাম-রঘুনাথ নগর, পোস্ট- রঘুনাথ নগর, থানা-ঝিকরগাছা, জেলা-যশোর। | ১৩০১০৭৩৪ | ১২/০৬/১৯৯৬ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৭. | জনাব আরমান হুসাইন<br>পিতা: আলমগীর হুসাইন<br>মাতা: শিরিনা বেগম | গ্রাম: মথুরাপুর, পোস্ট-তীরের হাট, থানা-কোতয়ালী, জেলা-যশোর। | ১৩০১৯৯৩২ | ৩১/১২/২০০০ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৮. | জনাব মো: খায়রুল আলম<br>পিতা: মো: আনোয়ারুল ইসলাম<br>মাতা: মোছা: ফরহাদ বেগম | গ্রাম: বাগোয়ান, পোস্ট: মথুরাপুর, থানা: দৌলতপুর, জেলা-কুষ্টিয়া। | ১৩০১৮৮৮২ | ১০/০৯/১৯৯৩ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ৯. | জনাব মোঃ হামিদুর রহমান<br>পিতা: মো: গোলাম মোস্তফা<br>মাতা: শিরিন আক্তার | গ্রাম: দেবীপুর, পোস্ট: পাগলাপীর, থানা: রংপুর সদর, জেলা: রংপুর। | ১৩০২৩৭৪৮ | ০৭/০৬/১৯৯৩ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ১০. | জনাব যুগল চন্দ্র রায়<br>পিতা: পুলিন চন্দ্র রায়<br>মাতা: প্রতিমা রাণী রায় | গ্রাম: উত্তর গোবিন্দপুর, পোস্ট: হাবিপ্রবি-৫২০০, থানা: কোতয়ালী, উপজেলা: দিনাজপুর সদর, জেলা: দিনাজপুর। | ১৩০২২৬৭৯ | ১৫/১২/১৯৯৭ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |
| ১১. | জনাব প্রশান্ত বিশ্বাস<br>পিতা: উত্তম বিশ্বাস<br>মাতা: দিপালী বিশ্বাস | গ্রাম: হোল্ডিং নং-২৩২, ওয়ার্ড নং-০১, পবহাটী রোড-০১, পোস্ট: ঝিনাইদহ, থানা: ঝিনাইদহ সদর, জেলা: ঝিনাইদহ। | ১৩০০২৫৭০ | ০২/০২/১৯৯৫ | উচ্চমান সহকারী | গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০ টা: |

**নিয়োগের শর্তাবলী:**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। সন্তোষজনক বিবেচিত না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরো ২ (দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হলে, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হওয়া সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(গ) যোগদানের সময় এই নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ঘ) প্রচলিত সরকারি বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান মোতাবেক চাকরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) যদি কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(চ) প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনরূপ বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করতে পারবে;

(ছ) চাকরিতে যোগদানকালে তাকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(জ) নিয়োগপত্র সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঝ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঞ) জ্যেষ্ঠতার ক্রমিক-৯ জনাব মোঃ হামিদুর রহমান, পিতা: মোঃ গোলাম মোস্তফা, মাতা: শিরিন আক্তার, গ্রাম: দেবীপুর, পোস্ট: পাগলাপীর, থানা: রংপুর সদর, জেলা: রংপুর এর পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন সন্তোষজনক হতে হবে, অন্যথায় তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ট) যোগদানের সময় মুল প্রবেশপত্র, মুল আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

(ঠ) আগামী ১১ জানুয়ারি, ২০২৬ খ্রি. তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে কোন প্রার্থী যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোঃ জাহিদ নেওয়াজ)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং-০৮.০১.০০০০.০০১.০৪.০০১.২০২৫-

তারিখঃ ১৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি)/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে উক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/২/৩/৪/৫/এস্টেট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. জনাব -------------------------------------------
১৩. ব্যক্তিগত নথি।

(মো: জাহিদ নেওয়াজ)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা